# আমাদের সম্ভাবনার দ্বার উন্মুক্তকরণঃ সাদার্ন হাউজিং গ্রুপ এর ভবিষ্যৎ রুপ

প্রিয় বাসিন্দা,

স্থানীয় পর্যায়ে আমাদের বাসিন্দাদের আমাদের দিক থেকে যতটা সম্ভব সেরা সেবাদানে সক্ষম হবার ব্যাপারটি নিশ্চিত করার লক্ষ্যে, গত কয়েক মাস ধরে আমরা সাদার্ন হাউজিং গ্রুপ এর কাঠামোটি পর্যালোচনা করে যাচ্ছি।

এখন আমরা আমাদের পরিকল্পনা আপনার সাথে ভাগ করতে নিতে, এবং সামনে এগিয়ে যাবার ব্যাপারে আমরা যাকে সর্বোত্তম পন্থা বলে মনে করছি সে ব্যাপারে আপনার অভিমত জেনে নিতে চাইছি। এই ডকুমেন্টটি আপনার সাথে আমাদের পরামর্শ-বিনিময়ের দিকটি খুলে দেবে, এবং আপনাকে মতামত ব্যক্ত করায় সক্ষম হয়ে উঠার মত ও পরিকল্পনাগুলোকে প্রভাবিত করতে পারার মত তথ্যাদি দেবে।

আমাদের পরিকল্পনা হচ্ছে গ্রুপ এর কোম্পানী কাঠামোটিকে সরল করে তোলা। আমরা মনে করছি তিনটি আলাদা এসোসিয়েশনঃ সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড, জেমস বুচার হাউজিং এসোসিয়েশন এবং সাউথ উইট হাউজিং এসোসিয়েশন এর পরিবর্তে, একটি মূল হাউজিং এসোসিয়েশন (সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড নামে) থাকবে। যদি আমরা এই পরিবর্তনটি সাধন করি তাহলে আপনার ল্যান্ডলর্ড হবে সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড। আমাদের এখনকার মত তিনটির পরিবর্তে, শুধুমাত্র একটি বোর্ড থাকবে।

একই সাথে, আমরা আমাদের সংগঠনে আমাদের বাসিন্দাদের যুক্ততার ব্যাপারটি গড়ে নিতে চাই যাতে করে আমরা যা করি তা আপনাদের প্রভাবিত করতে পারার দিকটি নিশ্চিত হওয়া যায়। আমাদের প্রস্তাবনাগুলো এটাই বুঝাবে যে যুক্ত হবার নতুন উপায়গুলোর মধ্য দিয়ে, পরিষেবাগুলো যেভাবে দেয়া হয় সে ব্যাপারে বাসিন্দাদের অনেক বেশি বক্তব্য রাখার সুযোগ থাকবে।

পরিকল্পনাগুলোর মধ্যে আছে সম্পূর্ণভাবে বাসিন্দাদের সমন্বয়ে আঞ্চলিক প্যানেল গঠন যা স্থানীয় পরিষেবাগুলোর দিকে দৃষ্টিপাত করবে, এবং যা আমাদের কাস্টমার সার্ভিসেস কমিটির কাজকর্মে সহায়তা দেবে, যা পর্যায়ক্রমে গ্রুপ বোর্ডের বরাবরে রিপোর্ট করবে।

সর্বোপরি, কাঠামো সরল করে তোলার মাধ্যমে, আমরা আমাদের অভ্যন্তরীণ প্রক্রিয়াগুলোকে অনেক সহজ ও দক্ষ করে তুলতে পারবো। পরিষেবার মান বৃদ্ধি, স্থানীয় নেইবারহুড ও নতুন ঘর নির্মানের জন্য অর্থ জমা করতেও আমরা সমর্থ হবো।

এসব পরিবর্তনগুলো নিয়ে এগিয়ে যাবার সিদ্ধান্ত নেয়ার আগে, আমরা আপনার অভিমত জানতে চাই। দয়া করে এই ডকুমেন্টটি পড়ুন এবং আমাদের পরিকল্পনার ব্যাপারে আপনার ভাবনাটি আমাদের জানান। আপনার মতামত গুরুত্ব বহন করে – আমরা আপনাকে অবগত রাখতে চাই এবং আমাদের ভবিষ্যত গঠনে আপনার অভিমত আসাটাকে উৎসাহিত করি। আপনার মতামতগুলোকে আমরা টিন্যান্ট সার্ভিসেস অথোরিটি এর সাথে ভাগাভাগি করব।

এই মত-বিনিময় প্রক্রিয়ার ব্যাপারে আমরা আপনাকে আবার হালনাগাদ তথ্য দিব  এবং আমরা কিভাবে অগ্রসর হবার পরিকল্পনা করছি তা এ বছরের শেষদিকে ওপেন ডোর ম্যাগাজিনের মাধ্যমে জানাবো।



Tom Dacey
প্রধান নির্বাহী

## আপনার সাথে আমাদের পরামর্শ

সাদার্ন হাউজিং গ্রুপ এর ভবিষ্যৎ কাঠামোর ব্যাপারে এটা হচ্ছে আপনার সাথে আমাদের আনুষ্ঠানিক পরামর্শ-বিনিময়। দয়া করে মনোযোগের সাথে পড়ুন এবং আপনার ভাবনা আমাদের জানতে দিন। আমাদের পরিকল্পনা প্রভাবিত করায় এটাই আপনার সুযোগ। আপনি যেসব উপায়ে আপনার অভিমত প্রদান অথবা আরো তথ্য পেতে পারেন তা পৃষ্ঠা 6 এ জানানো হয়েছে।

## সাদার্ন হাউজিং গ্রুপ এখন কিভাবে কাজ করছে?

সাদার্ন হাউজিং গ্রুপ হচ্ছে কয়েকটি সংগঠনের সমন্বয়ে গঠিত একটি হাউজিং এসোসিয়েশন গ্রুপ। 1991 সালে গঠিত, এই গ্রুপের সবচেয়ে প্রতিষ্ঠিত অংশটির নাম হচ্ছে সাউদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড। 2002 সালে সাউথ উইট হাউজিং এসোসিয়েশন এই গ্রুপে যোগ দেয় এবং জেমস বুচার হাউজিং এসোসিয়েশন যোগ দেয় 2006 সালে। আমরা একত্রিত হই যাতে করে আমরা একে অপরের অভিজ্ঞতা থেকে উপকৃত হতে পারি এবং আমাদের বাসিন্দাদের উত্তমতর সেবাদানে সক্ষম একটি অধিকতর শক্তিশালী সংগঠন গড়ে তুলতে পারি।

যদিও আমরা সবাই একই গ্রুপের অংশ, নিজ-নিজ প্রপার্টি, স্টাফ ও বোর্ড নিয়ে প্রত্যেকটি এসোসিয়েশন আইনগতভাবেই একটি স্বতন্ত্র সংগঠন। আমরা ঘনিষ্ঠভাবে কাজ করি – উদাহরণস্বরূপ জেমস বুচার হাউজিং এসোসিয়েশন ও সাদার্ন হাউজিং গ্রুপ, প্রপার্টির স্থান ও স্টাফদের অবস্থানের বিবেচনা থেকে, একে অপরের কিছু প্রপার্টি ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে। এছাড়াও আমরা আমাদের অভ্যন্তরীণ সেবাগুলো, উদাহরণস্বরূপ তথ্য প্রযুক্তি ও মানব সম্পদ, এবং আমাদের বাজেট ব্যবস্থপনাকারী ও নতুন প্রপার্টি নির্মানকারীদের, টীমগুলো ভাগাভাগি করি।

আমরা একসঙ্গে বেশ ভালোভাবেই কাজ করছি, কিন্তু আমাদের মনে হচ্ছে যে এটা অত্যন্ত জটিল। প্রায়ই দেখা যায় কোন একটি পরিবর্তন আনতে হলে বা কোন একটি নির্দিষ্ট কাজ করাতে হলে একটি এসোসিয়েশনকে আরেকটি এসোসিয়েশনের সাথে বোঝাপড়াতে আসতে হয়। এতে করে প্রয়োজনের তুলনায় কাগুজে কাজকর্ম ও আমলাতন্ত্র বেড়ে যায়ঃ এটি সময় নিয়ে নেয় এবং পুরো প্রক্রিয়াকে ধীর-গতি করে ফেলতে পারে।

## আমরা কি ধরনের পরিবর্তনের কথা ভাবছি?

আমরা তিনটি সংগঠন একত্র হয়ে এবং একটি বোর্ডের নেতৃত্বে একটি একক হাউজিং এসোসিয়েশনে পরিনত হবার প্রস্তাব করছি। এর আইনী দিকটি হচ্ছে একটি এমালগামেশন (Amalgamation)। সম্পূর্ণ সংগঠনটির নাম হবে সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড।

**নতুন সংগঠনটি কিভাবে পরিচালিত হবে?**

আলাদা সংগঠনের পরিবর্তে একটি নতুন সংগঠনের অধীনে সাউথ উইট হাউজিং এসোসিয়েশন হবে আইল অফ উইট রিজিওন; জেমস বুচার হাউজিং এসোসিয়েশন হবে নতুন সংগঠনের ওয়েস্ট রিজিওন (West Region)। নিউপোর্ট ও থেইল-এ তাদের প্রধান অফিস, নব-গঠিত সংগঠনের রিজিওনাল অফিস হিসাবে খোলা থাকবে। সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড এর আওতাভূক্ত কয়েকটি রিজিওনের সীমারেখার ক্ষেত্রেও কিছু পরিবর্তন আসবে।

বর্তমানে, তিনটি সংগঠনের প্রত্যেকের নিজস্ব বোর্ড আছে। এর পরিবর্তে পুরো সংগঠনের জন্য থাকবে একটি বোর্ড, যা যথাযথ দক্ষতা ও বিশেষ জ্ঞান সম্পন্ন বোর্ড সদস্যদের সমন্বয়ে গঠিত হবে (এবং এতে গ্রুপের প্রধান নির্বাহীকে অন্তর্ভূক্ত করে নেয়া হবে)। আমাদের স্বার্থ সুরক্ষার জন্য, এই বোর্ড সদস্যরা সংগঠনের একমাত্র শেয়ারহোল্ডার হবেন।

স্থানীয় পর্যায়ের দিকে দৃষ্টিপাত অব্যাহত রাখায় সহায়তার জন্য, গ্রুপের প্রতিটি রিজিওনের জন্য আমরা রেসিডেন্ট সার্ভিস প্যানেল গঠনে ইচ্ছুক। এসব প্যানেলগুলোতে ১২ জন পর্যন্ত সদস্য থাকবেন এবং এগুলো পুরোপুরিভাবে স্থানীয় বাসিন্দাদের নিয়ে গঠিত হবে। এই হচ্ছে পন্থা যার মাধ্যমে আমরা নতুন সংগঠনে স্থানীয় বাসিন্দাদের যুক্ততার ব্যাপারটি অর্জন করবো এবং এভাবেই আপনি সিদ্ধান্ত গ্রহন প্রক্রিয়াতে জড়িত থাকা অব্যাহত রাখতে পারবেন। প্যানেলগুলো রিজিওনগুলোতে বাসিন্দাদেরকে প্রদত্ত সেবাগুলোর দিকে নজর রাখা ও সেবাগুলো যেভাবে দেয়া হবে তা দেখভালের কাজে যুক্ত থাকবে এবং উন্নতিসাধন সংক্রান্ত পরিকল্পনা প্রনয়নে সহায়তা দেবে। তারা স্থানীয় পর্যায়ে তথ্য গ্রহন ও যাচাই-বাছাই করবে। প্যানেলগুলো গ্রুপ দ্বারা সমর্থন ও সহায়তাপুষ্ট হবে এবং পরিচালনা কাঠামোর একটি গুরুত্বপূর্ণ অংশ হবে।

প্যানেলগুলো গ্রুপ এর কাস্টমার সার্ভিসেস কমিটিকে সহায়তা করবে ও অবহিত করবে এবং রেসিডেন্ট সার্ভিস প্যানেলের কিছু সদস্য কমিটিরও সদস্য হবেন। সংগঠনের প্রত্যেকটি এলাকাতে বাসিন্দাদের জন্য প্রদত্ত সেবাগুলো পর্যবেক্ষন এবং এসব কার্যক্রম ও মানের ব্যাপারে, এখনকার মত, রিপোর্ট করার দায়িত্ব, এবং এসব ব্যাপারে বোর্ডকে পরামর্শ দেয়ার দায়িত্ব থাকবে কাস্টমার সার্ভিসেস কমিটির।

আমরা মনে করি এই ব্যবস্থাটি আমাদের কৌশলগত সিদ্ধান্তগুলোতে (Strategic decisions) বাসিন্দাদেরকে মতদানে সমর্থ ও প্রভাবিত করার ব্যাপারটি নিশ্চিত করায় সহায়ক হবে, এবং এগুলো কতটা কার্যকরভাবে কাজ করছে তা আমরা চালু হবার 18 মাস পরে পর্যালোচনা করবো।

**বাসিন্দাদের জন্য এমালগামেশন (Amalgamation) এর মানে কি দাঁড়াবে?**

সবচেয়ে বড় পরিবর্তনটি হবে যদি বর্তমানে জেমস বুচার হাউজিং এসোসিয়েশন বা সাউথ উইট হাউজিং এসোসিয়েশন আপনার ল্যান্ডলর্ড হয় তবে তা পাল্টে সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড হবে। এর মানে হচ্ছে সাউথ উইট এইচএ বা জেমস বুচার এইচএ এর পরিবর্তে চিঠিপত্র এবং স্টেইটম্যান্টগুলো (statements) আসবে সাদার্ন হাউজিং গ্রুপ এর লেটারহেডে।

কিন্তু এতে করে অন্য কিছু পরিবর্তিত হয়ে যাবেনাঃ

• আপনার টিন্যান্সি সংক্রান্ত শর্ত এবং অধিকারগুলো পরিবর্তিত হবে না
• এর দ্বারা আপনার রেন্ট (rent) প্রভাবিত হবে না, এবং এই প্রস্তাবনার ফলে ভবিষ্যতে রেন্ট পরিবর্তনের ভিত্তিটি প্রভাবিত হবে না
• আপনি একজন লীজহোল্ডার হয়ে থাকলে, এটা আপনার লীজকে প্রভাবিত করবে না
• অধিকাংশ এলাকাতে বর্তমানে যারা স্থানীয় পরিষেবাগুলো দিয়ে যাচ্ছেন তারাই তা দিয়ে যাবেন
• আমরা আমাদের বর্তমানের অফিসগুলো চালু রাখবো
• আমরা আমাদের অংশীদারদের সাথে বিদ্যমান চুক্তিগুলো অব্যাহত রাখবো (রক্ষনাবেক্ষনের কাজে নিযুক্তদেরসহ)

এটা বলতে চাওয়া হচ্ছে না যে সময়ের সাথে তাল রেখে কোন পরিবর্তন আসবে না, বরং আমরা যুক্ত হই বা না হই এটাই হবে ঘটনা। আমরা সবসময়ই উন্নততর সেবা প্রদান এবং অর্থের সর্বোত্তম ব্যবহার (value for money) নিশ্চিত করতে প্রয়াসী, আর ভবিষ্যতে যদি বড় ধরনের কোন পরিবর্তন আসে তবে আমরা সর্বাগ্রে আপনার সাথে আলাপ-আলোচনা করবো। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে যেভাবে আপনাকে সেবাগুলো প্রদান করা হয় তা এমালগামেশন এর দ্বারা ক্ষতিগ্রস্ত হবেনা।

**কিছুই যদি সত্যিকারে না পাল্টায়, তবে সুফল কোথায়?**

দৃশ্যপটের আড়ালে অবস্থার পরিবর্তন হবে। আমরা বর্তমানের চেয়ে কাগুজে কাজকর্ম এবং আমলাতন্ত্র উল্লেখ্যযোগ্য মাত্রায় কমিয়ে আনতে সক্ষম হবো, যা আমাদের দ্রুততর সিদ্ধান্ত গ্রহনে সহায়তা করবে। আমাদের স্টাফদেরকে একই ব্যাপার নিয়ে অনেকগুলো সভাতে যোগদান করতে যেতে হবে না, ফলে সেবাগুলো প্রদান ও মান উন্নয়নে মনোনিবেশে তারা অধিক সময় পাবে। আরেকটা সুফল হবে এই যে অর্থের সর্বোত্তম ব্যবহার পাবার লক্ষ্যে সেবাগুলো ক্রয় করা এবং পুরো সংগঠনের জন্য তা সরবরাহের ব্যাপারটি আমরা সহজ করে তুলতে পারবো - এবং নতুন ও উন্নততর সেবার জন্য সঞ্চিত অর্থ ব্যবহার করা সম্ভব হবে।

আমরা এমনকি আর্থিক দিক থেকে অধিক শক্তিশালী হবো, যার অর্থ হচ্ছে বাসিন্দাদের ঘরগুলো, নেইবারহুড এবং আর্থিক সঙ্কটে থাকা লোকেদের জন্য অধিক-সাশ্রয়ী ঘর নির্মানের জন্য অধিক অর্থ বিনিয়োগে আমরা সমর্থন হবো।

আমরা উপরে যেভাবে বলেছি, স্থানীয় সেবাগুলোর দিকে নজর রাখা ও মানবৃদ্ধিতে আমরা আমাদের বাসিন্দাদেরকে যেভাবে যুক্ত করে থাকি তার উন্নতি ঘটাতে সক্ষম হবো।

এছাড়াও এটা আমাদের বাসিন্দা ও স্টাফদেরকে একক সংগঠনের অংশে পরিনত করবে, যার অর্থ হচ্ছে আমরা আমাদের সম্পদ, জ্ঞান ও অভিজ্ঞতার পুরোপুরি ব্যবহার ঘটাতে পারবো। কিছু কিছু ক্ষেত্রে এর মানে দাঁড়াবে এই যে বিদ্যমান সেবাগুলো, যেগুলো লাভের সুযোগ এখন সীমাবদ্ধ, গ্রুপ এর প্রত্যেকটি অংশ প্রসার ঘটাতে আমরা সক্ষম হবো – উদাহরণস্বরুপ, আমাদের কমিউনিটি ডেভেলাপমেন্ট বিষয়ক কার্যক্রম, যা বাসিন্দাদের ঘরের চাহিদা দেখভাল করার চেয়েও বেশি কিছু করে থাকে; সংগঠনসমূহ, রেসিডেন্ট'স গ্রুপগুলো এবং ব্যক্তি পর্যায়ে বাসিন্দাদের নানান ধরনের সহায়তা (গ্রান্টসহ) দেয়ার মাধ্যমে মানুষজনের জীবন মানের উন্নয়ন সাধন।

সবচেয়ে গুরুত্বপূর্ণ, আমরা মনে করি নতুন কাঠামোটি আমাদের বাসিন্দাদের বর্তমানে ও ভবিষ্যতে সর্বোৎকৃষ্ট সেবাদানে মনোনিবেশে আমাদের জন্য সহায়ক হবে।

**আপনার ভাবনা আমাদেরকে জানান**

এই প্রস্তাবনাটি সাদার্ন হাউজিং গ্রুপ মিলিটেড, জেমস বুচার হাউজিং এসোসিয়েশন এবং সাউথ উইট হাউজিং এসোসিয়েশন এর এর প্রতিটি বোর্ড দ্বারা সমর্থিত – কিন্তু আমরা জানতে চাই আমাদের একীভূত হবার বিষয়ে আপনার ভাবনাটি। তিনটি এসোসিয়েশন এর বোর্ডগুলো (যাদের প্রত্যেকটিই বাসিন্দাদের অন্তর্ভূক্ত করে) এই পরামর্শকরণ প্রক্রিয়া থেকে প্রাপ্ত আপনার অভিমতগুলো বিচার-বিবেচনা করা না পর্যন্ত আমরা কোন সিদ্ধান্ত নেবো না।

আমরা আশা করি যে এই লিফলেটের সাথে সংযুক্ত পরামর্শ-বিনিময় ফর্মটি আপনি পূরণ করবেন এবং আমাদের কাছে পাঠিয়ে দেবেন (আপনি চাইলে মন্তব্যের জন্য বাড়তি পৃষ্ঠা ব্যবহার করতে পারেন)। এছাড়াও আপনার কোন প্রশ্ন থাকলে তা উত্থাপনের জন্যও এই ফর্মটি ব্যবহার করুন।

দয়া করে পূরণকৃত ফর্মটি 21 মার্চ 2010 এর মধ্যে আমদেরকে নীচের ঠিকানায় পাঠিয়ে দিন। ডাক খরচ দেয়া আছে, তাই আপনাকে ডাকটিকেট লাগাতে হবেনা।

ঠিকানাঃ
Unlocking our Potential Consultation
Southern Housing Group
Freepost KE 8547
59-61 Clerkenwell Road
London EC1M 5LA

এছাড়া আপনি আমাদের ইমেইল করতে পারেন consultation@shgroup.org.uk বা www.shgroup.org.uk/consultation এভিজিট করে প্রশ্নপত্রটি পূরণ করতে পারেন।

এব্যাপারে কারো সাথে কথা বলতে চাইলে, আপনি 0300 303 1684* কল করতে পারেন, এবং আমাদের স্টাফরা সানন্দে আপনার প্রশ্নের উত্তর দেবে বা স্থানীয় পর্যায়ে কারো সাথে কথা বলার জন্য আপনাকে ব্যবস্থা করে দিতে পারবে। আপনার রিজিওনাল অফিস বা শেল্টার্ড বা সাপোর্টেড স্কীমেও আপনি আমাদের স্টাফদের সাথে কথা বলতে পারেন।

আমাদের সকল স্টাফই আপনাকে সহায়তা দিতে পেরে আনন্দিত হবে। তারা হয়তো তাৎক্ষনিকভাবে আপনার প্রশ্নগুলোর উত্তর দিতে সমর্থ নাও হতে পারে, কিন্তু তারা উত্তরগুলো জেনে নিয়ে আপনার সাথে যোগাযোগ করবে।

ওপেন ডোর এর ভবিষ্যৎ সংস্করণগুলোতে এই পরামর্শ বিনিময় প্রক্রিয়ার ফলাফল আপনাকে জানানো হবে।

**স্মরণে রাখুনঃ আপনার অভিমত বিবেচনায় নেয়াতে চাইলে 21 মে 2010 এর মধ্যে আপনার কাছ থেকে তা আমাদের জানতে হবে।**

* 0300 নাম্বারগুলোতে 01 ও 02 স্ট্যান্ডার্ড নাম্বারগুলোর মত খরচ পড়ে, এমনকি মোবাইল ফোন থেকেও। এ নাম্বারগুলো প্রায়শ মোবাইল এবং ল্যান্ডলাইন কর্তৃপক্ষের দেয়া কল মিনিট ও ডিসকাউন্ট স্কীমের অন্তর্ভূক্ত থাকে।

**কিছু প্রশ্নের উত্তর**

*আমার রেন্ট এবং যেভাবে আমি তা দিয়ে থাকি তাতে কি কোন পরিবর্তন আসবে?*

না। আমাদের পরিকল্পনা দ্বারা আপনার ভাড়া এবং যেভাবে আপনি তা দিয়ে থাকেন তা প্রভাবিত হবেনা। যদি পরিকল্পনাগুলো গৃহীত হয়, আপনি সাধারনত যেভাবে দিয়ে থাকেন সেভাবেই আপনার পেমেন্টগুলো দিয়ে যাবেন।

*রেন্ট এর অঙ্কটি পাল্টাবে?*

না, এমালগামেশন এর কারণে নয়। আমাদের পরিকল্পনার দ্বারা আপনার রেন্ট যেভাবে হিসাব করা হয় তা প্রভাবিত হবে না। হাউজিং এসোসিয়েশন রেন্টস এর জন্য সরকার-নির্ধারিত টার্গেট আছে, যা সকল হাউজিং এসোসিয়েশনকে অবশ্যই অনুসরণ করতে হয়।

*আমার ল্যান্ডলর্ড এর নাম কী হবে?*

সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড। আমরা হবো একটি চ্যারিটেবল হাউজিং এসোসিয়েশন ও একটি অ-মুনাফাভোগী ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রভিডেন্ট সোসাইটি যা শেয়ারধারী সদস্যদেরকে কোন লভ্যাংশ (Dividends) দেয় না।

দ্য টিন্যান্ট সার্ভিস অথোরিটি এই পরিবর্তনগুলো তত্ত্বাবধান করবে এবং আমাদেরকে প্রনালীবদ্ধভাবে নিয়ন্ত্রন (Regulate) করার কাজ চালিয়ে যাবে।

*এমালগামেশন এর মানে কি এই দাঁড়ায় যে সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড জেমস বুচার ও সাউথ উইট হাউজিং এসোসিয়েশনকে কে অধিগ্রহণ করছে?*

না। গ্রুপ এর মধ্যে সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড সবচেয়ে বড় হলেও, এমালগামেশন হচ্ছে অধিকতর শক্তিশালী ও অধিকতর কার্যকর একটি সংগঠন গড়ে তোলার জন্য এসোসিয়েশন তিনটির একসাথ হওয়া। এর নাম হবে সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড, এবং নতুন এসোসিয়েশনটি গড়ে তোলাতে তিনটি এসোসিয়েশনই অবদান রাখবে।

*নতুন সংগঠনে রিজিওনগুলো কী নামে হবে?*

আইল অফ উইট রিজিওন
সাউথ রিজিওন
ওয়েস্ট রিজিওন
লন্ডন রিজিওন
থেমস গেইটওয়ে রিজিওন

*আমার টিন্যান্সি বা লীজ এর ক্ষেত্রে কী ঘটবে?*

আপনার টিন্যান্সি (বা লীজহোল্ডারদের জন্য লীজ) এর শর্তগুলো পরিবর্তিত হবে না, তবে আপনার ল্যান্ডলর্ড এর নাম হবে সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড। আপনাকে নতুন টিন্যান্সি এগ্রিমেন্ট পাঠানোর দরকার হবেনা, কিন্তু এমালগামেশন হয়ে গেলে আমরা ল্যান্ডলর্ড এর সাধারণ বিবরণ সম্বলিত একটি আনুষ্ঠানিক নোটিশ আপনাকে পাঠাবো।

একজন টিন্যান্ট বা লীজহোল্ডার হিসাবে আপনার অধিকার বা দায়-দায়িত্বগুলোতে পরিবর্তন আসবে না।

এটা উল্লেখ করা গুরুত্বপূর্ণ যে, কোন সংবিধিবদ্ধ অধিকার, যেমন 'রাইট টু বাই' এবং 'রাইট টু সাকসিড' প্রভাবিত হবে না।

*আমি যে সেবাগুলো পাই সেগুলো কি প্রভাবিত হবে?*

স্থানীয় পর্যায়ে আপনি যে সেবাগুলো পেয়ে থাকেন আমাদের পরিকল্পনাতে সেগুলোতে কোন পরিবর্তন করা হবে না। এগুলো অপ্রকাশ্যে থেকে আমাদেরকে শুধুমাত্র অধিকতর দক্ষ হয়ে ওঠাতে সহায়তা করবে।

*বাসিন্দাদের জন্য নতুন কোন সেবা চালু হবে কি?*

নতুন সংগঠনের প্রত্যেকটি অংশকে আওতাভূক্ত করার লক্ষ্যে আমরা আমাদের কমিউনিটি ডেভেলাপমেন্ট টিমের কার্যক্রমের বিস্তার ঘটানোর পরিকল্পনা গ্রহন করেছি।

সংগঠনের প্রত্যেকটি অংশে বাসিন্দাদের জন্য চালু থাকা সেবাগুলোর মান বাড়ানোর উপায় বের করার ব্যাপারেও আমরা চেষ্টা অব্যাহত রাখবো।

*বর্তমানে চালু থাকা অফিসগুলো কি খোলা থাকবে?*

হ্যাঁ। আমাদের অফিসগুলো বন্ধ করার কোন পরিকল্পনা আমাদের নেই।

*স্টাফদের অবস্থান কি প্রভাবিত হবে?*

বেশির স্টাফের ক্ষেত্রেই কোন পরিবর্তন ঘটবে না। আপনার জন্য এখন যে লোকগুলো কাজ করছে সম্ভবত তারা অপরিবর্তিতই থাকবে, তবে এমালগামেশন এর পরে কিছু স্টাফের জন্য ভিন্ন ধরনের অভ্যন্তরীণ রিপোর্টিং কাঠামো চালু হতে পারে।

*এমালগামেশন হওয়া সংগঠনটির ব্যবস্থাপনায় কে থাকবে?*

নতুন সংগঠনে একটি মাত্র বোর্ড থাকবে যা গ্রুপ এর কাজকর্ম তত্বাবধান করবে।

আমরা এছাড়াও রেসিডেন্ট রিজিওনাল সার্ভিস প্যানেলস গঠনের পরিকল্পনা করছি যা হবে রিজিওনাল পর্যায়ের সেবাগুলোর দিকে লক্ষ্য রাখার জন্য বাসিন্দাদের সমন্বয়ে গড়া স্থানীয়-পর্যায়ের কমিটি। এগুলো আমাদের গ্রুপ-ভিত্তিক কাস্টমার সার্ভিসেস কমিটিকে, যা বোর্ডের বরাবরে রিপোর্ট করে, সহায়তা দেবে ও তথ্যদান করবে।

*নতুন সংগঠনের শেয়ারহোল্ডার কারা হবে?*

নতুন সংগঠনের শেয়ারহোল্ডার হবেন সাদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড এর বোর্ড সদস্যবৃন্দ।

*এটা যে আইনী দিক থেকে সঠিক তা আমি কিভাবে জানবো?*

এমালগামেশন এর যাবতীয় ভালমন্দ বিবেচনা করার ক্ষেত্রে সহায়তা দেবার জন্য গ্রুপ এর অন্তর্গত বোর্ডগুলো স্বাধীন কনস্যালটেন্টদের সাথে পরামর্শ করেছে, এছাড়া আমাদের পরিকল্পনাটি আইনের সীমার মধ্যে রাখা ও যথাযথভাবে পরিচালিত হবার ব্যাপারটি নিশ্চিত করার জন্য আমরা আইনী পরামর্শও গ্রহন করেছি। টিন্যান্ট সার্ভিসেস অথোরিটি, হাউজিং এসোসিয়েশনগুলোর কর্মকান্ড তত্বাবধানকারী সরকারী সংস্থা, আমাদের প্রস্তাবনাগুলো বিবেচনা করবে ও অনুমোদন দেবে।

*এরপরে কী ঘটবে?*

এই সময়সূচিগুলো আমরা অনুসরণ করতে চাইছিঃ

- এপ্রিল-মে 2010 বাসিন্দাদের সাথে পরামর্শ-বিনিময়
- জুন 2010ঃ পরামর্শকরণ প্রক্রিয়াতে প্রাপ্ত মতামতগুলোর ব্যাপারে প্রত্যেকটি বোর্ডের যাচাই-বাছাই
- জুন-জুলাই 2010 ঃ শেয়ারহোল্ডারদের সভা

পরিকল্পনাটির ব্যাপারে মতৈক্য হলেঃ

- আগস্ট 2010 ঃ টিন্যান্ট সার্ভিসেস অথোরিটির বরাবরে, এই প্রস্তাবনার জন্য বিজনেস কেইস-সহ, আমরা একটি আনুষ্ঠানিক আবেদনপত্র পাঠাবো।
- আগস্ট 2010 থেকে সামনের দিকেঃ বাসিন্দাদের বরাবরে ফীডব্যাক প্রেরণ
- অক্টোবর 2010 ঃ নতুন বোর্ড এবং এমালগামেশন হওয়া সংগঠনটি দায়িত্বপ্রাপ্ত হবে

*আমি কিভাবে আরো জানতে পারি?*

আপনি আরো তথ্য পেতে চাইলে, আপনার কি জানা প্রয়োজন তা 'আপনি কী ভাবছেন?' (What do you think?) শিরোনামের সংযুক্ত ফর্মটি পূরণ করে ফেরৎ পাঠিয়ে আমাদের জানান, অথবা নীচে উল্লেখিত যেকোন উপায়ে আমাদের সাথে যোগাযোগ করুন।

আপনার আরো তথ্য জানার থাকলে, দয়া করে যত দ্রুত সম্ভব আমাদের জানান, যাতে করে 21 মে 2010 এর আগে চূড়ান্ত ভাবনাগুলো আমাদের জানানোর জন্য আপনার হাতে সময় থাকে।

## আমাদের সাথে যোগাযোগ করুন

ফোন 0300 303 1684 , সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকেল 5টা

ওয়েবসাইট www.shgroup.org.uk/consultation

ইমেইল consultation@shgroup.org.uk

লিখুন Unlocking our Potential Consultation
Southern Housing Group
Freepost KE 8547
59-61 Clerkenwell Road
London EC1M 5LA

| | |
|---|---|
| ব্যক্তিগত পর্যায়ে | কথা বলুন স্কীম বা রিজিওনাল অফিসের একজন স্টাফের সাথে |
| টেক্সট রিপ্লাই | আপনার যদি একটি টেক্সট ফোন থাকে, ন্যাশনাল টেক্সট রিলে সার্ভিস ব্যবহার করে আপনি আমাদের সাথে যোগাযোগ করতে পারেন। টেক্সট রিলে সার্ভিস ব্যবহারের জন্য, যে নাম্বারে কল করবেন শুরুতে সে টেলিফোন নাম্বার ঠিক করে নিনঃ<br><br>• 1800 যদি আপনি টেক্সট ব্যবহারকারী হয়ে থাকেন<br>• 1802 যদি আপনি হিয়ারিং ইউজার হয়ে থাকেন |